দৈনিক ইত্তেফাক

তারিখ 13 AUG 2008 পৃঃ ৫ কলাম ৫

# নগরীর সরকারি কলেজে ক্লাস শুরু বেসরকারিগুলোতে ভর্তি চলছে

। রেজাউল করিম খান, রাজশাহী অফিস ।

রাজশাহী

গত ২৬ জুন এসএসসি পরীক্ষার ফল প্রকাশের পর এবার নগরীর সরকারি কলেজগুলোতে ভর্তি যুদ্ধ শেষে একযোগে ক্লাস শুরু হয়েছে। কিন্তু বেসরকারি কলেজগুলো ভর্তির জন্য ফরম ছাড়লেও ভর্তি প্রক্রিয়া এখনো শেষ হয়নি। এবার কোন রকম লিখিত পরীক্ষা না থাকলেও শেষ পর্যায়ে মৌখিক পরীক্ষা দিয়ে ভর্তি হতে হয়েছে। তবে এ বছর জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর তুলনায় ভাল কলেজে আসন সংখ্যা কম। অন্যদিকে ভর্তির ক্ষেত্রে মেধাবী শিক্ষার্থীরা যেমন আসন সংকটে ভুগছে তেমন সাধারণ কলেজগুলো ভুগছে শিক্ষার্থী সংকটে। তাছাড়া দ্বিতীয় শিফট চালুর যে সিদ্ধান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে নেয়া হয়েছিল তাও ঝুলে রয়েছে।

নিউ গভঃ ডিগ্রী কলেজের অধ্যক্ষ ডঃ ফরিদা সুলতানা জানান, তাদের কলেজে এবার গ্রামের ছাত্র-ছাত্রীদের জন্য ১০ ভাগ কোটা সংরক্ষণ করা হয়েছে। তাছাড়া শিক্ষক স্বল্পতার কারণে ঐ কলেজে এবার দ্বিতীয় শিফট চালু করা সম্ভব হয়নি। এই অবস্থা নগরীর অন্য কলেজগুলোতেও।

খোঁজ নিয়ে জানা গেছে, নামিদামি কলেজগুলোর মধ্যে নিউ গভঃ ডিগ্রী কলেজে এবার ৩ বিভাগে মোট ১২শ' আসন নির্ধারণ করা হয়েছে। বিভাগওয়ারী আসন বিন্যাস করা হয়েছে বিজ্ঞান ৩০০টি, মানবিক ৩০০টি ও বাণিজ্য ৩০০টি। এবার কলেজগুলোতে রাজশাহী শিক্ষা বোর্ডের জারি করা পরিপত্রে বেঁধে দেয়া নিয়মানুযায়ী ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হচ্ছে।

নিউ গভঃ ডিগ্রী কলেজ সূত্রে জানা গেছে, বিজ্ঞান বিভাগের জন্য ৪ পয়েন্ট ২৫, মানবিক বিভাগে ভর্তির জন্য ২ পয়েন্ট ৭৫ এবং বাণিজ্য বিভাগে ভর্তির জন্য ৩ পয়েন্ট অবশ্যই থাকতে হবে। ইতিমধ্যে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য কলেজের শিক্ষকদের নিয়ে সভা করে একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। শিক্ষা বোর্ড থেকে সার্কুলার প্রাপ্তির পরপরই এই প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে বলে জানা যায়। এ বছর জিপিএ-৫-এর ছড়াছড়ি থাকায় প্রকৃত মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সুযোগ থেকে বঞ্চিত হওয়ার প্রশ্নে ঐ কলেজের একজন শিক্ষক বলেন, কিছুই করার নেই। কলেজের আসন সংখ্যা যতদূর সংকুলান করা সম্ভব তা করতে কর্তৃপক্ষের কোন গাফিলতি থাকবে না। তাছাড়া গ্রামের মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য ১০ ভাগ আসন সংরক্ষণ করা হয়েছে।

সরকারি মহিলা কলেজে এবার মানবিকে ৩৫০ জন, বাণিজ্যে ২৫০ জন ও বিজ্ঞানে ৬০০ জন ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পেয়েছে। এদিকে নগরীর বরেন্দ্র মহাবিদ্যালয় ইতিমধ্যে ভর্তি ফরম ছেড়েছে এবং ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। তবে ভর্তির জন্য এই কলেজে কোন মার্জিনাল পয়েন্ট রাখা হয়নি। মোটামুটি ফলাফল করেছে এমন ছাত্র-ছাত্রীরা এখানে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে। এই কলেজে বিজ্ঞান, মানবিক